



যুগান্তর

২২-০১-২০২৬, পৃ- অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে বসন্তকালীন সেমিস্টারের
নবীনবরণ অনুষ্ঠিত



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ২০২৬ সালের বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ২০২৬ সালের বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের জন্য বর্ণাঢ্য নবীনবরণ অনুষ্ঠান আয়োজন করে। বৃহস্পতিবার (২২ জানুয়ারি) রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের আচরণবিধি, নিয়ম-কানুন এবং বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার উদ্দেশ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড-এর চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান। এছাড়াও বিভিন্ন অনুষদের ডিনগণ নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

বক্তারা তাদের বক্তব্যে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির লক্ষ্য ও মূল্যবোধ তুলে ধরে বলেন, এই বিশ্ববিদ্যালয় দক্ষ, নৈতিক ও দায়িত্বশীল নেতৃত্ব গড়ে তুলতে শিক্ষার্থীদের বলিষ্ঠ ভূমিকা রাখতে হবে। তারা নবীন শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি নিজেদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার আহ্বান জানান এবং দেশের উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখার জন্য প্রস্তুত হওয়ার পরামর্শ দেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আশিক মোসাদ্দিক এবং কোষাধ্যক্ষ, এয়ার কমডোর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী। অনুষ্ঠানকে আরও প্রাণবন্ত করতে স্টুডেন্ট ওয়েলফেয়ার বিভাগ আয়োজন করে একটি আকর্ষণীয় 'ক্লাব ফেয়ার'।

এতে বিশ্ববিদ্যালয়ের ২৩টি শিক্ষার্থী-পরিচালিত ক্লাব অংশগ্রহণ করে। প্রতিটি ক্লাব তাদের কার্যক্রম ও উদ্যোগ সুন্দরভাবে তুলে ধরে স্টল সাজায়, যেন নবীন শিক্ষার্থীরা সহশিক্ষা কার্যক্রমে যুক্ত হতে উৎসাহিত হয় এবং একাডেমিক জ্ঞানের পাশাপাশি নানান ধরনের সৃজনশীল উদ্যোগে সম্পৃক্ত হন।